গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
মেলান্দহ, জামালপুর

স্মারক নং : উপকা.মেলা.২০২৩.৪২ তারিখঃ ১২.১১.২০২৩

## নোটিশ

আগামী ১৬.১১.২০২৩ তারিখ, রোজ বৃহস্পতিবার দুপুর ১২.০০ ঘটিকায় মির্জা আজম আধুনিক অডিটরিয়াম ২য় তলার হল রুমে উপজেলা পরিষদের মাসিক সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব মোঃ কামরুজ্জামান, চেয়ারম্যান উপজেলা পরিষদ মেলান্দহ, জামালপুর। উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। ১৬.১১.২০২৩ তারিখে অনুষ্ঠিতব্য সভার সংশ্লিষ্ট দপ্তরের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ১৫.১১.২০২৩ তারিখের মধ্যে ই-মেইলে (uzchairmanmelandah@gmail.com) প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

(মোঃ সেলিম মিঞা)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
মেলান্দহ, জামালপুর
মোবাইল নম্বর : ০১৭০৯৯৭০১৭০
E-mail:unomelandah@gmail.com

..........................................
.......................................... সম্মানীত সদস্য
উপজেলা সমন্বয় কমিটি, মেলান্দহ, জামালপুর।

স্মারক নং : উপকা.মেলা.২০২৩.৪২ তারিখঃ ১২.১১.২০২৩

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১। জনাব মির্জা আজম এমপি- ১৪০ জামালপুর-৩, বস্ত্র ও পাট মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি ও সম্মানীত উপদেষ্টা, উপজেলা পরিষদ সমন্বয় কমিটি, মেলান্দহ, জামালপুর।
২। জেলা প্রশাসক, জামালপুর।
৩। জনাব, মোঃ কামরুজ্জামান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ মেলান্দহ, জামালপুর।

উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
মেলান্দহ, জামালপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ, মেলান্দহ
জামালপুর

## নভেম্বর/২০২২ মাসের উপজেলা পরিষদ সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ কামরুজ্জামান
চেয়ারম্যান, উপজেলা পরিষদ , মেলান্দহ, জামালপুর।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।
সভার তারিখ : ১০/১১/২০২২ খ্রি:
সময় : বেলা ১২.০০ ঘটিকা।
উপস্থিতি : পরিশিষ্ট "ক"

সভার প্রারম্ভে সভাপতি সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর তিনি আলোচ্যসূচী অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার কে অনুরোধ করেন। গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হলে কোন আপত্তি না থাকায়, সর্বসম্মতি ক্রমে অনুমোদিত হয়। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

| ক্রঃনং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | জনপ্রশাসন | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, ০৯.১১.২২ খ্রি. তারিখে দিনব্যাপী ডিজিটাল উদ্ভাবনী মেলা/২০২২ উদযাপন হয়, মেলায় ৪টি বিষয় ভিত্তিক প্যাভিলিয়নে সরকারি-বেসরকারি দপ্তরসহ ইউনিয়ন ও পৌর ডিজিটাল সেন্টার ও অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান অংশগ্রহণ করে, অংশগ্রহণকারী প্রতিষ্ঠানগুলো দিনব্যাপী বিভিন্ন ধরনের সেবা প্রদান করে। মেলায় বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ অংশ গ্রহণ করে, এছাড়া মেলায় প্রদর্শিত শ্রেষ্ঠ তিনটি স্টলকে পুরস্কৃত করা হয়। | আলোচনান্তে, ডিজিটাল উদ্ভাবনী মেলাসহ অন্যান্য সৃজনশীল কাজের মাধ্যমে বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ যাতে উদ্ভাবনী কাজে সম্পৃক্ত হতে পারে সে ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| ২ | স্বাস্থ্য | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা সভায় জানান যে, ০১. কোভিড-১৯ টিকাদান কার্যক্রম:- ১২-১৭ বছর বয়সী ছাত্র/ছাত্রীদের মাঝে ফাইজার টিকার ১ম ডোজ গত ২৭.১২.২০২১ ইং তারিখ থেকে চালু রয়েছে। এই বয়সে ছাত্র/ছাত্রীদের টিকা প্রদানের লক্ষ্যমাত্রা দেওয়া হয়েছিল ৩৩৭১২ জন, অদ্য ২৮.০৭.২২ ইং তারিখ পর্যন্ত ১ম ডোজ ফাইজার টিকা প্রদান করা হয়েছে ৩২৯১০ জন কে। যার শতকরা হার ৯৮% ছাত্র/ছাত্রী ফাইজার টিকা ১ম ডোজ চলমান রয়েছে। এইচএসসি পরীক্ষার্থীদের ২য় ডোজ দেওয়া হয়েছে ১০৯৭ জন কে। তাছাড়া কোভিড-১৯ এর ভেরোসেল টিকার ১ম ডোজ দেওয়া হয়েছে ১৭২২৭১ জন কে ও ২য় ডোজ দেওয়া হয়েছে ১৭২২৩২ জন কে। এসস্টেজেনেকা টিকার ১ম ডোজ দেওয়া হয়েছে ৬৮৬১ জন কে ও ২য় ডোজ দেওয়া হয়েছে ৭৪০৬ জন কে এবং বুস্টার ডোজ দেওয়া হয়েছে ৮৭১৩৫ জন কে। আমাদের ইপিআই টিকা কেন্দ্রে সাব- ব্লকে ১৮ বছর উর্ধ্বে সকল কে ১ম ডোজ টিকা প্রদান চলমান রয়েছে ১লা ফেব্রয়ারি/২০২২ ইং হতে ২য় ডোজ টিকা প্রদান চলমান আছে। হাসপাতালে করোনা পরীক্ষার এন্টিজেন টেস্ট চালু আছে। হাসপাতালে করোনা রোগী ভর্তির জন্য একটি করোনা কর্ণার সার্বক্ষণিক চালু রয়েছে এবং মাঠ পর্যায়ে প্রতিটি ইউনিয়নে একটি মেডিকেল টিম করোনা রোগীর ব্যবস্থাপনা ও করোনা প্রতিরোধের জন্য চালু রয়েছে। মাইকিং ও মাঠ কর্মীদের উঠান বৈঠকের মাধ্যমে করোনার প্রতিরোধে করনীয় বিষয়ে জনগণ কে সচেতন করা হচ্ছে এ ব্যাপারে প্রশাসনের সার্বিক সহযোগিতা একান্ত কাম্য, সারাদেশে বিদ্যুৎ ঘাটতি এবং লোডসেডিং এর কারনে হাসপাতালে বিদ্যুৎ না থাকলে হাসপাতালে বিভিন্ন সমস্যা দেখা দেয় হাসপাতালের আইপিএস ও জেনারেটর চালু রাখার ব্যবস্থা করা হয়েছে। কিন্তু জেনারেটর চালানোর জন্য কোন তেল বরাদ্দ নেই বিদায় জেনারেটর চালু রাখা ব্যাহত হচ্ছে। | বিষয়গুলো সভায় আলোচনা করা হলো, আলোচনান্তে, চলমানকাজগুলোর বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা |
| ৩ | পরিবার পরিকল্পনা | পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, গত মাসে এএনসি ৯২০, মোট নরমাল ডেলিভারী ২১৬, পিএনসি ৩৬৬, নবজাতকের সেবা ৩৬৬, সাধারণ রোগী ৪৬৩২, সেবা প্রাপ্ত কিশোর-কিশোরী- ৬৯৩০ জন। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | চলমান কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প:প কর্মকর্তা |
| ৪ | কৃষি | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, রাজস্বের আওতায় রবি মৌসুমের ৩০টি সরিষার প্রদর্শনী ৩০ জন কৃষকের মধ্যে বাস্তবায়ন করা হয়। প্রদর্শনীর মালামালা বিতরণ: পারিবারিক পুষ্টিবাগানের ৩০০ জন কৃষকের মধ্যে নেট, পানির ঝাঝরি বিতরণ করা হয়। এছাড়া পাওয়ার টিলার অপারেটেট ০৭টি সিডার মেশিন ৭টি গ্রুপে বিতরণ করা হয়। প্রণোদনা: ১০০ জন কৃষকের মাঝে সবজি বীজ প্রদান করা হয়। প্রতি জন কৃষককে ২০০ গ্রাম লালশাকের বীজ, ২ গ্রাম টমেটুর বীজ, ৫০ গ্রাম পালংশাকের বীজ, ২.৫ গ্রাম বেগুনের বীজ এবং৩০ গ্রাম লাউয়ের বীজ প্রদান করা হয়। ১৩০০ জন কৃষকের মাঝে গম এবং ৬৯৫০ জন কৃষকের মাঝে সরিষার প্রণোদনা দেওয়া হয়। প্রতি জন কৃষককে ২০ গমের বীজ এবং ১ কেজি সরিষার বীজ দেওয়া হয়। প্রতি জন কৃষককে ১০ কেজি ডিএপি ও ১০ কেজি এমওপি প্রদান করা হয়। এছাড়া ৫০০ টি ভুট্টা, ২৫০ টি চিনাবাদাম ৩০ টি শীতকালীন পেয়াজ, ১০টি মসুর এবং ২০ টি মুগ কালাই এর প্রণোদনা দেওয়া হবে এই মাসে। কৃষক প্রশিক্ষণ: উঠান বৈঠকের মাধ্যমে প্রায় ৫০০ জন কৃষককে প্রশিক্ষিত করা হয়। সার ও কীটনাশকের মান ঠিক রাখার জন্য নিয়মিত সার ও বালাইনাশক দোকান পরিদর্শন করা হয়। মাঠে কৃষককে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হচ্ছে। | মাঠে কৃষকদের নিবিড় পরামর্শ দেওয়া ও কৃষকদের মাঝে সবজি বীজ প্রণোদনা প্রদান অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা |
| ৫ | মৎস্য | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, ১। ০১ নভেম্বর/২০২১ হতে ৩০ জুন/২০২২ পর্যন্ত জাটকা (১০ ইঞ্চি বা ২৫ সে.মি. এর ছোট) নিষিদ্ধ সময়কালের অংশ হিসেবে মেলান্দহ উপজেলায় বিভিন্ন মাছ বাজারে অভিযান পরিচালনা, বাজার মনিটরিং, লিফলেট বিতরণ ও মাছ বাজারে ব্যানার টানানোর মাধ্যমে প্রচারণা ও সংশ্লিষ্টজনকে সচেতন করা হচ্ছে। ২। মৎস্য খাতে ক্ষুদ্রঋণ আদায়ের জন্য ঋণ গ্রহীতাদের তাগিদ পত্র প্রদান করা হয়েছে ৩। মৎস্য ও পশুখাদ্য আইন-২০১০ এর আওতায় ০৫ টি মৎস্য খাদ্য বিক্রয়কারী প্রতিষ্ঠানের লাইসেন্স নবায়নের কার্যক্রম চলমান আছে। সকল কার্যক্রম সম্পন্ন করে নভেম্বর/২০২২ মাসের মধ্যে ০৫ টি মৎস্য খাদ্য বিক্রয়কারী প্রতিষ্ঠানের অনুকুলে লাইসেন্স প্রদান করা যাবে ৪। মাঠ পরিদর্শন ও পৌরসভা এবং বিভিন্ন ইউনিয়ন হতে আগত ২৩ জন মৎস্যচাষিকে পানি পরীক্ষা করে মাছ চাষ বিষয়ে পরামর্শ প্রদান করা হয়েছে ৫। ২০২২-২৩ অর্থ বছরে রাজস্ব বাজেটের আওতায় ৪০ জন মৎস্য চাষিকে (২ ব্যাচে) প্রশিক্ষণ প্রদানের জন্য বাজেট বরাদ্দ পাওয়া গেছে। শীঘ্রই মৎস্য চাষি নির্বাচন করে প্রশিক্ষণ প্রদান করা হবে ৬। নিষিদ্ধ চায়না দোয়ারী জালের ব্যবহার বন্ধে নিয়মিত অভিযান চলমান রয়েছে ৭। এনএটিপি-২ প্রকল্প ওবিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | চলমান কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |

চলমান পাতা-২-

| | | | | |
|---|---|---|---|---|
| ৬ | প্রাণি সম্পদ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা জানান, উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল মেলান্দহ, জামালপুর এর রুটিন কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে তাছাড়া এন এ টিপি-২ প্রকল্পের আওতায় ইউনিয়ন পর্যায়ে সিআইজি সমিতিতে গবাদিপশু ও হাস-মুরগীর বিনামূল্যে ভ্যাক্সিনেশন ও ডিওয়ারমিং কার্যক্রম চলমান আছে। ইতিমধ্যে মাহমুদপুর, নাংলা, শ্যামপুর ইউনিয়নের সিআইজি সমিতিতে ভ্যাক্সিনেশন ও ডিওয়ারমিং কার্যক্রম পরিচালিত হয়েছে। তাছাড়া এলডিডিপি প্রকল্পের মাধ্যমে উপজেলা পর্যায়ে কাচাবারজ উন্নয়নের জন্য মেলান্দহ উপজেলার পৌরসভার মেয়র মহোদয় কর্তৃক নিধারিত মেলান্দহ কাচাবাজার (গরু হাটির পাশে) এলডিডিপি প্রকল্পের বিশেষজ্ঞ টিম ও পৌরসভার মেয়র মহোদয়ের প্রতিনিধি পৌরসভার নির্বাহী প্রকৌশলী কর্তৃক পরির্দশন করা হয় এবং কাচাবাজারের নকশা পৌরসভা কর্তৃক প্রকল্প দপ্তরে প্রেরণ করা হয়। | চলমান কাজগুলো অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা |
| ৭ | দুর্যোগ ব্যবস্থাপনা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন হচ্ছে। | কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ৮ | সমাজসেবা | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, মেলান্দহ উপজেলা সমাজসেবা কার্যালয়ে প্রতিবন্ধী ব্যক্তিদের জরিপ কাজ চলমানে আছে, প্রতিবন্ধী ব্যক্তিদের পরিচয়পত্র বিতরণ কাজ চলমান আছে এবং ২০২২-২০২৩ অর্থবছরে প্রথম কিস্তির সামাজিক নিরাপত্তা বেস্টনীর আওতায় বয়স্ক,বিধবা,প্রতিবন্ধী ও অন্যান্য বিশেষ ভাতা, প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি ও বিশেষ শিক্ষা উপবৃত্তির পে-রোল প্রদান সম্পুর্ণ করা হয়েছে। | চলমান কাজগুলো দ্রুত শেষ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| ৯ | উপজেলা প্রা: শিক্ষা | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, ১। গনিত বিষয়ে ৯০জন শিক্ষকের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে ২। গণিত বিষয়ে ৩০জন শিক্ষকের প্রশিক্ষণ চলমান আছে ৩। প্রধান শিক্ষকদের মাসিক সমন্বয় সভা হয়েছে ৪। বিদ্যালয় পরিদর্শন ৪৫টি ৫। অফিসের অন্যান্য দাপ্তরিক কাজ চলমান আছে। | বিদ্যালয় পরিদর্শন কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রা: শিক্ষা কর্মকর্তা |
| ১০ | মহিলা বিষয়ক | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ২০২৩-২৪ ভালনারেবল উইমেন বেনেফিট (ভিডব্লিউবি) চক্রের উপকারভোগী নির্বাচনের জন্য পরিপত্র পাওয়া গেছে। আগ্রহীদের আগামী ২০.১১.২০২২ ইং তারিখের মধ্যে অনলাইনে আবেদন করতে হবে। ২০২১-২২ ভালনারেবল উইমেন বেনেফিট (ভিডব্লিউবি) চক্রের নভেম্বর/২২ ইং মাসের ১১টি ইউনিয়নের ডিও উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিসে ছাড় করা হয়েছে। তিনি সকলকে দ্রুত খাদ্যশস্য বিতরণ করার জন্য অনুরোধ জানান। উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ প্রকল্পের ১৮ তম ফ্যাশন ডিজাইন ট্রেডে ২৫ জন ও বিউটিফিকেশন ট্রেড়ে ২৫ জন মোট ৫০ জন প্রক্ষিণার্থী ভর্তির জন্য নোটিশ দেয়া হয়েছে। আগামী ১৩.১১.২২ ইং তারিখের মধ্যে অনলাইনে আবেদন করতে হবে। | প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ১১ | যুব উন্নয়ন | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, গবাদীপশু হাসমুরগী পালন, পোষাক তৈরি, বেসিক কম্পিউটার, ইলেকট্রনিক, রেফিজারেশন, মৎস্য চাষ প্রশিক্ষণ চলমান রয়েছে, প্রশিক্ষণের এক ব্যাচ শেষ হলে অন্য ব্যাচ শুরু হবে। এছাড়া ২১-৩৫ বছর বয়সী যুব/যুব নারীদের জন্য যানবাহন চালনা প্রশিক্ষণ খুব শ্রীঘ্রই শুরু হবে, বায়ুগ্যাস স্থাপনের জন্য ইমপ্যাক্ট ফেইজ-৩ প্রকল্পের আওতায় ১২০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হবে। | প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১২ | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়িত উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পের আওতায় অত্র উপজেলায় পঞ্চম বর্ষ (২০২০-২১) নিম্নলিখিত প্রকল্প সমূহ সম্পূর্ন হয়েছে। উল্লেখিত পরিমান বিল সহ অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো-<br>উপপ্রকল্প ১: মির্জা আজম ইনিস্টিটিউট অব মেডিকেল টেকনোলজি এর দ্বিতীয় তলায় শ্রেণি কক্ষ নির্মাণ চুক্তি মূল্য- ৩৮২১২২৯/- ( বিল :৩৪২০০০০/- ভ্যাট: ২৮৬৫৯২/- আয়কর: ১১৪৬৩৭/-)<br>উপপ্রকল্প ২: এস.এম মোখলেছুর রহমান মাধ্যমিক বিদ্যালয়ে শ্রেণি কক্ষ নির্মাণ চুক্তি মূল্য-১২০৬৭০৩/- (বিল: ১০৭৯৯৯৯/- ভ্যাট: ৯০৫০৩/-, আয়কর: ৩৬২০১/-) । এই সভায় বিলগুলো অনুমোদন করার জন্য উপস্থাপন করা হলো। | আলোচনান্তে, উক্ত প্রকল্পের বিল অনুমোদনের জন্য ও চুড়ান্ত বিলের জন্য প্রয়োজনীয় তথ্যাদি ইউজিডিপি এর প্রধান কার্যালয়ে প্রেরণের সর্বসম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |
| ১৩ | জনস্বাস্থ্য | উপজেলা উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান, তিন পৌরসভা প্রকল্পের আওতায় মেলান্দহ পৌরসভায় ৪ কিঃমিঃ ড্রেন, ২১০০ বাসায় পানি লাইনের সংযোগের কাজ, ডাম্পিং ও ফিক্যাল স্লাসের কাজ চলমান আছে। বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে সাবমার্স পাম্পসহ ৩০টি হ্যান্ড ওয়াশ বেসিন নির্মাণ ও ২২টি ওয়াশ ব্লকের কাজ চলমান আছে। পল্লী অঞ্চলে পানি সরবরাহ প্রকল্পের আওতায় ১৭টি মিনি AIRP এর কাজ চলমান। | চলমান কাজগুলো নির্ধারিত সময়ের মধ্যে শেষ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |
| ১৪ | সমবায় | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, মেলান্দহ উপজেলায় সমবায় বিভাগীয় বিভিন্ন ক্যাটাগরীর ২০৫ টি সমবায় সমিতি রয়েছে। ২০২১-২০২২ সালের অডিট কার্য ০১/০৭/২০২২ খ্রি. তারিখ হতে শুরু করা হয়েছে। অত্র উপজেলায় ০১ টি আশ্রয়ণ প্রকল্প ও ০২ টি আশ্রয়ণ প্রকল্প ফেইজ-০২ রয়েছে। উক্ত আশ্রয়ণ প্রকল্পে ঋণ আদায় কার্য অব্যাহত আছে। সমবায় অধিদপ্তরের অধিদপ্তরের আওতাধীন সিভিডিপি প্রকল্পে অত্র উপজেলায় ৬০ টি সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতিতে ৬০ জন গ্রামকর্মী কাজ করছেন। অক্টোবর/২০২২খ্রি.মাসে ০১টি যৌথসভা ও ই প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। | চলমান কার্যক্রম দ্রুত শেষ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৫ | পল্লী উন্নয়ন | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন হচ্ছে। | কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৬ | বন বিভাগ | উপজেলা ফরেস্টার সভায় জানান যে, মেলান্দহ-হাজরাবাড়ী সংযোগ সড়কে বন বিভাগ কর্তৃক ২০০০-২০০১ সালে সৃজিত ৭ কি:মি: রাস্তা বনায়নের কিছু সংখ্যক গাছ বিগত সিত্রং ঝড়ে গাছের গোড়ার মাটি সরে যাওয়ায় গাছ উপড়াইয়া গিয়ে সড়কে হেলে রয়েছে। ইতোমধ্যে মাস খানেক আগে হেলানো গাছে ধাক্কা লেগে একটি পন্যবাহী ট্রাক উল্টে গিয়ে পার্শ্ববর্তী খাদে পড়ে দূর্ঘটনা ঘটে। এ ছাড়া প্রায়শ:ই দূর্ঘটনা ঘটছে। এমতাবস্থায় উপজেলা সামাজিক বনায়নের সভাপতি হিসেবে উপজেলা নির্বাহী অফিসার মহোদয় দাপ্তরিক নির্দেশনা দিবেন। মেলান্দহ উপজেলাধীন অবৈধ করাত কলের তালিকা প্রণয়ন করে প্রত্যেক করাত কল মালিক কে জরুরী ভিত্তিতে করাত কল লাইসেন্স করার জন্য জোর তাগিদপত্র বা নোটিশ প্রদান করা হয়েছে। লাইসেন্স করার বিষয়ে অধিকাংশ করাতকল (স'মিল) মালিকগন নির্লিপ্ত রয়েছে। সরকার এতে প্রভূত রাজস্ব প্রাপ্তি থেকে বঞ্চিত হচ্ছেন। এহেন পরিস্থিতিতে ব্যবস্থা নেওয়ার জোর অনুরোধ করছি | আলোচনা অনুযায়ী ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা ফরেস্টার |

চলমান পাতা-৩-

| | | | | |
|---|---|---|---|---|
| 1 | মাধ্যমিক শিক্ষা | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান এইচ.এস.সি/আলিম/ এইচ.এস.সি (বি,এম) /সমমান পরীক্ষা-২০২২ পরীক্ষাগুলো সুষ্ঠু ও নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠিত হচ্ছে । বিদ্যালয়/ মাদ্রসা পর্যায়ে সকল শিক্ষকদের জাতীয় শিক্ষাক্রম রূপরেখা-২০২১ ও মানসিক স্বাস্থ্যসেবা বিষয়ক ফাস্ট এইড(পার্ট-০১) কোর্সের অনলাইন প্রশিক্ষণ চলমান রয়েছে । বিষয়ভিত্তিক কারিকুলামের অনলাইন প্রশিক্ষণ চলমান রয়েছে। অনলাইন বার্ষিক শিক্ষা জরিপ সমাপ্ত হয়েছে। বিদ্যালয় পর্যায়ে অনলাইন আইএমএস কার্যক্রম চলমান রয়েছে। দাপ্তরিক ও অন্যান্য কাজ-কর্ম সঠিক ভাবে পরিচালিত হচ্ছে। | অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১৮ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য কর্মকর্তা সভায় জানান যে, গত জুলাই/২২ খ্রি: হতে ডিসেম্বর/২২ তারিখ পর্যন্ত ডি.ডব্লিউ. বি কার্যক্রমের জন্য বরাদ্দ পাওয়া গেছে। নভেম্বর/২২ মাসে ১১টি ইউনিয়নের ৪০ জন খাদ্যবান্ধব ডিলার চালানের মাধ্যমে চাল উত্তোলন করেছেন এবং ভোক্তাদের নিকট বিতরণ কার্যক্রম অব্যাহত রয়েছে। মেলান্দহ ও হাজরাবাড়ী পৌরসভায় মোট ০৭ (সাত) জন ডিলারের মাধ্যমে ওএমএস-এর চাল বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। নির্বাচনী এলাকা কাবিখা কার্যক্রম প্রথম পর্যায়ে গমের বরাদ্দ পাওয়া গেছে। | বিভিন্ন বাজার ও রাইস মিলে অতিরিক্ত মজুদ আছে কিনা তা তদারকি করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ১৯ | বিবিধ | ১। উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহারিক নির্দেশনা ২০২০ এর ৩(খ) নং অনুচ্ছেদে বিভিন্ন জাতীয় দিবস উদযাপন বাবদ ১০০০০০/- (এক লক্ষ) টাকা ব্যয়ের অনুমোদন রয়েছে। বাস্তবতার প্রেক্ষিতে দেখা যায় বিভিন্ন জাতীয় দিবস যেমন ২৬ মার্চ, স্বাধীনতা দিবসের বিভিন্ন অনুষ্ঠান, ১৬ ডিসেম্বর বিজয় দিবস, ২১ ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবসসহ অন্যান্য জাতীয় দিবস উপলক্ষে ১০০০০০/- টাকার বেশি ব্যয় হয়ে থাকে। আগামী ১৬ ডিসেম্বর ২০২২ তারিখ মহান বিজয় দিবস ও অন্যান্য দিবস উদযাপন উপলক্ষে অতিরিক্ত ২০০০০০/- টাকা ব্যয়ের জন্য সভায় আলোচনা করা হয়।<br>২। চেয়ারম্যান ৩নং মাহমুদপুর ইউনিয়ন পরিষদ স্মারক নং: মাহ.ইউপি.২০২২-৩ তারিখে: ১০.১০.২০২২ মূলে ৫নং ওয়ার্ডের ০১ (এক) জন গ্রামপুলিশ নিয়োগ প্রদান ও চেয়ারম্যান ১১নং শ্যামপুর জানান তার ইউনিয়ন এর ভারপ্রাপ্ত দফাদার মো: আকাশ কে পদোন্নতি প্রদান করে দফাদার করার জন্য এ সভা উপস্থাপন করেন। | ১। আলোচনান্তে মহান বিজয় দিবস ও অন্যান্য দিবস উদযাপন উপলক্ষে অতিরিক্ত ২০০০০০/- টাকা ব্যয়ের অনুমতি জন্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। বিষয়টি সভায় আলোচনা করা হলো, আলোচনান্তে যথাযথ কর্তৃপক্ষ এর মাধ্যমে গ্রামপুলিশ নিয়োগ ও ভারপ্রাপ্ত দফাদার কে পদোন্নতি দিয়ে দফাদার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ কামরুজ্জামান)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মেলান্দহ, জামালপুর।

স্মারক নং :উপকা.মেলা.২০২২.৫২

তারিখ : ১০.১১.২০২২ খ্রি:

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

১। জনাব মির্জা আজম এমপি, ১৪০ জামালপুর-৩, বস্ত্র ও পাট মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি ও সম্মানীত উপদেষ্টা, উপজেলা পরিষদ সমন্বয় কমিটি, মেলান্দহ, জামালপুর।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, জামালপুর।
৪। ............................................ সম্মানীত সদস্য (সকল) উপজেলা পরিষদ মেলান্দহ, জামালপুর।
৫। অফিস কপি।

(মোঃ সেলিম মিঞা)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
মেলান্দহ, জামালপুর।
মোবাইল নম্বর : ০১৭০৯৯৭০১৭০
E-mail:unomelandah@gmail.com

নভেম্বর/২০২২ মাসের উপজেলা পরিষদ সমন্বয় সভার উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা

| ক্রঃ নং | নাম ও পদবী | মোবাইল নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | মোঃ সেলিম মিঞা, উপজেলা নির্বাহীঅফিসার মেলান্দহ, জামালপুর | ০১৭০৯৯৭০১৭০<br>unomelandah@gmail.com | |
| ০২ | ডাঃ গাজী মোহাম্মদ রফিকুল হক<br>উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা | | |
| ০৩ | ডা. চিন্ময় নন্দী<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | 01741830383<br>ufpo.melandah@yahoo.com | |
| ০৪ | মোহাম্মদ আব্দুল্লাহ আল ফয়াসাল<br>উপজেলা কৃষি অফিসার | 01722260393 | |
| ০৫ | মোঃ মাহমুদুর রহমান<br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা | 01718-820020 | |
| ০৬ | ডাঃ মোঃ আতিকুর রহমান<br>উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা | 01742-564104 | |
| ০৭ | মোঃ আঃ রাজ্জাক<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | 01721330075 | |
| ০৮ | আসাদুল ইসলাম<br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা | 01764-468852 | |
| ০৯ | মোঃ মোস্তফা কামাল<br>উপজেলা শিক্ষা কর্মকর্তা | 01718308926<br>ueo melandah @ gmail.com | |
| ১০ | সাজেদা আরফিন<br>উপজেলা মহিলা ও শিশু বিষয়ক কর্মকর্তা | | |
| ১১ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | 01715-301977 | |
| ১২ | ~~শুভাশিষ রায়~~ → শুভাশীষ রায়<br>উপজেলা প্রকৌশলী | 01721 704152<br>shubhashees @ gmail.com | |
| ১৩ | মোঃ জাকির হোসেন<br>সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) | 01818-822648 | |
| ১৪ | মোঃ হাবিবুল্লাহ<br>উপজেলা সমবায় কর্মকর্তা | 01710151853 [illegible] | |
| ১৫ | মোঃ নাছির উদ্দিন<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | 01710068658 | |
| ১৬ | মোঃ রাশেদ ইবনে সিরাজ<br>উপজেলা পরিবেশ ও বন কর্মকর্তা | 01828-104926 | |
| ১৭ | মোহাম্মদ আজাদুর রহমান ভূঁইয়া<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | 01717189658 | |
| ১৮ | সোহানা বিলকিস<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | | |
| ১৯ | মোঃ রায়হান কবির<br>উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর | 01719-431435 | |

# নভেম্বর/২০২২ মাসের উপজেলা পরিষদ সমন্বয় সভার উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা

| ক্রঃ নং | নাম ও পদবী | মোবাইল নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | মোঃ কামরুজ্জামান, চেয়ারম্যান উপজেলা পরিষদ মেলান্দহ, জামালপুর | ০১৭১১-৬৩৬৮৮৫<br>uzchairmanmelandah@gmail.com | |
| ০২ | ডাঃ মোঃ ইউনুস আলী<br>ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, মেলান্দহ | | |
| ০৩ | জেসমিন আখতার<br>ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, মেলান্দহ | | |
| ০৪ | সৈয়দ খালেকুজ্জামান জুবেরী<br>চেয়ারম্যান ১নং দুরমুঠ ইউনিয়ন পরিষদ | | |
| ০৫ | মোঃ আঃ ছালাম<br>চেয়ারম্যান ২নং কুলিয়া ইউনিয়ন পরিষদ | | |
| ০৬ | মোহাম্মদ আলী জিন্নাহ<br>চেয়ারম্যান ৩নং মাহমুদপুর ইউনিয়ন পরিষদ | | |
| ০৭ | আলহাজ্ব কিশমত পাশা<br>চেয়ারম্যান ৪নং নাংলা ইউনিয়ন পরিষদ | | |
| ০৮ | মোঃ শফিউল আলম<br>চেয়ারম্যান ৫নং নয়ানগর ইউনিয়ন পরিষদ | | |
| ০৯ | মোঃ ফজলুল করিম ফরহাদ<br>চেয়ারম্যান ৬নং আদ্রা ইউনিয়ন পরিষদ | | |
| ১০ | মোঃ শাহাদৎ হোসেন<br>চেয়ারম্যান ৭নং চরবানিপাকুরিয়া ইউনিয়ন পরিষদ | | |
| ১১ | মোঃ মোমিনুল ইসলাম বাবু<br>চেয়ারম্যান ৮নং ফুলকোচা ইউনিয়ন পরিষদ | | |
| ১২ | মোঃ সাইদুল ইসলাম লিটু<br>চেয়ারম্যান ৯নং ঘোষেরপাড়া ইউনিয়ন পরিষদ | | |
| ১৩ | মোছাঃ আঞ্জুমনোয়ারা হেনা<br>চেয়ারম্যান ১০নং ঝাউগড়া ইউনিয়ন পরিষদ | | |
| ১৪ | এস,এম সায়েদুর রহমান<br>চেয়ারম্যান ১১নং শ্যামপুর ইউনিয়ন পরিষদ | | |